

সাংবাদিক সম্মেলনে শিক্ষক সমিতি
চলতি বাজেটেই এক শ'
ভাগ বেতন ভাতার
ব্যবস্থা রাখার দাবি

ঢাকা রিপোর্টার // বাংলাদেশ শিক্ষক সমিতি চলতি বাজেটেই বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ১০০ ভাগ বেতন ভাতা প্রদানের ব্যবস্থা রাখার দাবি জানিয়েছে। মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শিক্ষক নেতৃবৃন্দ এ দাবি জানান। নেতৃবৃন্দ বলেন, চলতি বাজেটে ১০০ ভাগ বেতন না পেলে বিগত সরকারের মতো বর্তমান সরকারও ওখানটা ভুলে দোষে দুই হবে। শিক্ষকরাও আবার পূর্বের অবস্থানে ফিরে আসতে বাধ্য হবেন।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক সমিতির সভাপতি মোঃ সেদিক হুইয়া।

চলতি বাজেটেই এক শ'

(১০-এর পরের পর)
সমিতির মহাসচিব মোঃ সেদিক হুইয়া। এ সময় উপস্থিত ছিলেন সভাপতি কাজী আব্দুর বাজাক, কেন্দ্রীয় নেতা অধ্যক্ষ সাইদুর রহমান, মোহাম্মদ আলী, অধ্যক্ষ মোহাম্মদ কলিনুজ্জামান, অধ্যক্ষ মুল-উল-কাহার, আব্দুল আজিজ, বজলুল রহমান মিয়া, ঢাকা মহানগর নেতা নাচুলু বরহমান মোস্তা, সরকার পরিতোষ, জাকির হোসেন, আরকন মোঃ নূরুল হক, গোলাম হোসেন মোহাম্মদ প্রমুখ। লিখিত বক্তব্যে সেদিক হুইয়া বলেন, বিগত সরকারের আমলে বেসরকারী শিক্ষক-কর্মচারীরা ১০০ ভাগ বেতন ভাতা পাওয়ার জন্য আন্দোলন করেছিল। আন্দোলনের শেষ পর্যায়ে আমরণ অনশন কর্মসূচী ঘোষণা করা হয়। তৎকালীন বিরোধীদলীয় নেত্রী বর্তমান প্রধানমন্ত্রী তখন ওমরাহ হুজ পালন শেষে জিয়া এয়ারপোর্টে এসে সবসময় অনশনরত শিক্ষকদের মাঝে চলে আসেন এবং ক্ষমতায় গেলে ১০০ ভাগ বেতনসহ সকল দাবি পূরণের আশ্বাস দেন ও অনশন ভাঙার অনুবোধ করেন। তাঁর আশ্বাসে শিক্ষকরা অনশন ভাঙেন। তা ছাড়া বিগত সংসদ নির্বাচনে তিনি বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ১০০ ভাগ বেতন ও একটি উৎসব ভাতা প্রদানের ঘোষণা দেন। সেদিক হুইয়া এ ঘোষণা বাস্তবায়নের দাবি জানান। একই মত তিনি বেসরকারী স্কুলে ম্যানেজিং কমিটির প্রথা বাতিল, ১০ বছরের অধিক ইংরেজী বিষয়ের শিক্ষকদের চাকরির মেয়াদ বৃদ্ধি এবং ৯ দফার শিক্ষক ও শিক্ষা স্বার্থবিবোধী পদবিন্যাস বাতিল করার দাবি জানান।